ভোরের কাগজ

23 FEB 20.3...

### সংবাদ সম্মেলনে বেসরকারি প্রাথমিক শিক্ষকদের ঘোষণা

# ২৭ মার্চের মধ্যে দাবি মানা না হলে প্রাথমিক শিক্ষকরা কর্মবিরতিতে যাবে

কাগজ প্রতিবেদক : সরকার আগামী ২৭ মার্চের মধ্যে বেসরকারি প্রাথমিক শিক্ষকদের চাকরি জাতীয়করণের দাবি মেনে না নিলে শিক্ষকদের কর্মবিরতি পালনসহ বিভিন্ন আন্দোলনের কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছেন বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ।

গতকাল শনিবার বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি আয়োজিত জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেওয়া হয়।

সম্মেলনে উপস্থিত ছিলেন, সমিতির প্রতিষ্ঠাতা ও প্রধান উপদেষ্টা ড. মহীউদ্দীন খান আলমগীর, উপদেষ্টা তোফাজ্জল হোসেন, সংগঠনের সভাপতি গোলাম মোহাম্মদ, মহাসচিব মুনছুর আলী, যুগ্ম সম্পাদক আব্দুস ছাত্তার, আবুল কাশেম, ইস্রাজ আলী, আদালত হোসেনসহ অন্যান্য কেন্দ্রীয় নেতৃবৃন্দ।

সম্মেলনে জানানো হয়, বর্তমানে দেশে ১৯ হাজার ৬৮৪টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এছাড়া আড়াই হাজার বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সরকারি রেজিস্ট্রেশন পাওয়ার অপেক্ষায় রয়েছে।

ড. মহীউদ্দীন খান আলমগীর বলেন, সংবিধানে সর্বজনীন বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা এবং একই মানের প্রাথমিক শিক্ষা প্রণয়নের কথা উল্লেখ থাকলেও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাধ্যমে দেশে শিক্ষার ক্ষেত্রে বৈষম্য সৃষ্টি করা হচ্ছে। যা সরকারের এখতিয়ার বহির্ভূত, তাই জাতীয় স্বার্থেই বেসরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোকে জাতীয়করণ করা প্রয়োজন।

নেতৃবৃন্দ বলেন, চাকরি জাতীয়করণ তো দূরের কথা বর্তমান সরকার আমাদের সঙ্গে সাক্ষাৎকারের সময়টা পর্যন্ত দিচ্ছেন না।

সম্মেলনে কমিউনিটি স্কুলগুলোকে সরকারি স্কুলে উন্নীত করা, বেসরকারি প্রাথমিক শিক্ষকদেরকে পাশ কাটিয়ে সরকারের মদদপুষ্ট শিক্ষকদের সমন্বয়ে কল্যাণ ট্রাস্ট কমিটি গঠনের তীব্র প্রতিবাদ এবং বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির প্রধান উপদেষ্টা ড. মহীউদ্দীন খান আলমগীরের বিরুদ্ধে যে মামলা দায়ের করা হয়েছে তা প্রত্যাহারের জন্য সরকারের কাছে দাবি জানানো হয়।